

পরীক্ষা

এইচএসসি পরীক্ষা

কারিগরি বোর্ডে স্থগিত বাংলা-১ পরীক্ষা ৭ ডিসেম্বর

প্রথম আলো ডেস্ক



চলমান এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন ও পুরাতন পাঠ্যসূচি) প্রশ্নপত্রে ত্রুটির কারণে স্থগিত হওয়া পরীক্ষার সংশোধিত সূচি প্রকাশিত হয়েছে।

কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেওয়া উপ-পরীক্ষা নিয়ন্ত্রণ (বিএমটি) মো. সুলতান হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই সূচি প্রকাশিত হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন পাঠ্যসূচি কোড ২১৮১১ ও পুরাতন পাঠ্যসূচি কোড ১৮১১)-এর স্থগিত হওয়া পরীক্ষা আগামী ৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ওই দিন বেলা দুইটা থেকে বিকেল চারটা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিজ্ঞাপন

আগের সূচি অনুযায়ী এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন পাঠ্যসূচি কোড ২১৮১১ ও পুরাতন পাঠ্যসূচি কোড ১৮১১) পরীক্ষা ৬ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু প্রশ্নপত্রে মুদ্রণ ত্রুটির কারণে তা স্থগিত করা হয়।

সংশোধিত সূচি এই [লিংকে](#) দেখা যাবে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো